দৈনিক বাংলা

তারিখ 27 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

36

# জগন্নাথ কলেজের ঐতিহ্য বজায় রাখুন ঃ নাসিরুদ্দিন

স্টাফ রিপোর্টার ঃ সওগাত সম্পাদক প্রবীণ সাংবাদিক মোহাম্মদ নাসির উদ্দিন সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের শতবর্ষ পূর্তি উপলক্ষে আয়োজিত সাং-স্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। এতে বিশেষ অতিথি ছিলেন এ কলেজেরই সাবেক অধ্যক্ষ অবসরপ্রাপ্ত আ ন ম বজলুর রহমান।

উল্লেখ্য, আগামী ২২, ২৩ ও ২৪ ডিসেম্বর তিনদিনব্যাপী শতবর্ষ পূর্তি উৎসবের মূল অনুষ্ঠানমালা অনুষ্ঠিত হবে।

প্রধান অতিথির বক্তৃতায় মোহাম্মদ নাসির উদ্দিন বলেন, এই শিক্ষা প্রতি-ষ্ঠানটি দীর্ঘকাল ধরে অসংখ্য মানুষকে

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## জগন্নাথ কলেজের

(প্রথম পৃষ্ঠার পর)

জ্ঞানের আলো দান করে আসছে। এই প্রতিষ্ঠানের বহু ছাত্র-ছাত্রী প্রতিষ্ঠা লাভ করে দেশ ও বিদেশে সুনাম অর্জন করেছেন। অনেকে যশস্বী হয়েছেন। তিনি বলেন, এই প্রতিষ্ঠান দেশ ও জাতির গৌরব। তিনি বর্তমানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের এ কলেজের অতীত ঐতিহ্য বজায় রাখার আহবান জানান।

কলেজের অধ্যক্ষ কিউ, এ টি এম হাবিবুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজের প্রাক্তন অধ্যক্ষ আ ন ম বজলুর রহমান, কলেজের ইংরেজী বিভাগের নৈশ শাখা চেয়ারম্যান বি এম বসুনিয়া ও ভূগোল বিভাগের প্রফেসর মোঃ সামছুল হক।

বিশেষ অতিথি আ ন ম বজলুর রহমান বলেন, শতবর্ষের ঐতিহ্যবাহী জগন্নাথ কলেজ বহু কৃতী ছাত্রের জন্ম দিয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে ইতিমধ্যে এটি একটি অনন্য আসন করে নিয়েছে।

সভাপতির ভাষণে কলেজ অধ্যক্ষ হাবিবুর রহমান তাদের এই অনুষ্ঠানকে সুন্দর ও সার্থক করার জন্যে সকলের সহযোগিতা কামনা করেন।